

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪  
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় সরকার ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪ স্টেশন (উড়াল ৫১ এবং ৫৩) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে :

#### সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন বর্ষের ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সরকার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। ২০২৬ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design-এর কাজ চলমান আছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর Engineering Service-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়াধীন আছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Basic Study শুরু হয়েছে। ২০৩০ সালের মধ্যে MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

#### MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত

Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। Detailed Design এর কাজ চলছে। ডিপোর Land Acquisition প্রক্রিয়াধীন আছে। ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) বা বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৬ মেয়াদে প্রায় ৫২ হাজার ৫৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। আগামী ডিসেম্বর ২০২০ মাসে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেলের নির্মাণ কাজ শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

**বিমানবন্দর রুটের এ্যালাইনমেন্ট হল:** বিমানবন্দর - বিমানবন্দর টার্মিনাল ৩ - খিলক্ষেত - যমুনা ফিউচার পার্ক - নতুন বাজার - উত্তর বাড্ডা - বাড্ডা - হাতিরঝিল পূর্ব - রামপুরা - মালিবাগ - রাজারবাগ - কমলাপুর

**পূর্বাচল রুটের এ্যালাইনমেন্ট হল:** নতুন বাজার - যমুনা ফিউচার পার্ক - বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (পিওএইচএস)- মাস্তুল - পূর্বাচল পশ্চিম - পূর্বাচল সেন্টার - পূর্বাচল পূর্ব - পূর্বাচল টার্মিনাল - পিতলগঞ্জ ডিপো